



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জনপ্রশাসন মন্ত্রণালয়  
বিদেশ প্রশিক্ষণ শাখা  
www.mopa.gov.bd



নম্বর ০৫.০০.০০০০.২০২.২৫.০০২.২২.১৮৪

তারিখ: ১ আষাঢ়, ১৪২৯  
১৫ জুন ২০২২

### বিজ্ঞপ্তি

বিষয়: **Chulabhorn Royal Academy, Chulabhorn Graduate Institute, Thailand-এ ২ বছর মেয়াদী মাস্টার্স কোর্সে অংশগ্রহণের জন্য কর্মকর্তাদের আবেদন নিকট হতে আবেদন আহ্বান।**

Chulabhorn Royal Academy, Chulabhorn Graduate Institute (CGI), Thailand-এ নিম্নোক্ত বিষয়সমূহে ২ বছর মেয়াদী মাস্টার্স প্রোগ্রামে অংশগ্রহণের জন্য সরকারি চাকরিতে নিয়োজিত কর্মকর্তাদের আবেদন করার সুযোগ রয়েছে :

- Applied Biological Sciences: Environmental Health,
- Environmental Toxicology, ও
- Chemical Sciences

উল্লিখিত মাস্টার্স কোর্সসমূহে অংশগ্রহণের জন্য আগ্রহী ও যোগ্য সরকারি কর্মকর্তাগণের নিকট হতে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

### শর্তসমূহ:

১.	আগ্রহী প্রার্থীগণকে প্রয়োজনীয় ডকুমেন্টসহ সরাসরি ই-মেইলে <a href="mailto:cgi_academic@cgi.ac.th">cgi_academic@cgi.ac.th</a> এবং মূল ডকুমেন্টসমূহ আগামী ৩০/০৯/২০২২ তারিখের মধ্যে এক কপি অর্থনৈতিক সম্পর্ক বিভাগে প্রেরণসহ নিম্নোক্ত ঠিকানায় কুরিয়ারে প্রেরণ করতে হবে :  <b>Chulabhorn Royal Academy, Chulabhorn Graduate Institute (CGI Scholarship Program) 906 Kamphangphet 6 Road, Talat Bang Khen, Laksi, Bangkok 10210, Thailand.</b>
২.	যারা ইতোমধ্যে বুনিয়াদি প্রশিক্ষণসহ চাকরিতে স্থায়ী হয়েছেন এবং শিক্ষা জীবনে যাদের কমপক্ষে একটি প্রথম বিভাগ/শ্রেণি রয়েছে তাঁরা আবেদন করতে পারবেন;

৩.	জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৯/৮/১২ খ্রি.তারিখের স্মারক নং-৮০/১২-৫১৮(৫০০) নং বেসামরিক সরকারি কর্মকর্তাগণের বৈদেশিক প্রশিক্ষণ/উচ্চশিক্ষা সম্পর্কিত নীতি ও পদ্ধতি এবং ১২ মে ২০০৩ তারিখে প্রকাশিত জনপ্রশাসন প্রশিক্ষণ নীতিমালার গেজেট ও প্রধানমন্ত্রীর কার্যালয়ের ১৯ জুন, ২০১১ খ্রি. তারিখের ০৩.০৬৯.০২৫.০৬. ০০.০০৩.২০১১-১৪৪ (৫০০) সংখ্যক পরিপত্রের মর্মানুসারে কর্মকর্তা মনোনয়ন প্রদান করতে হবে;
৪.	জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন নং-০৫.০০.০০০০.২১১.২২.১০৬.২০০৮-৩৩৯, তারিখ : ০৬/১২/২০১৫ মোতাবেক চাকরিতে প্রবেশের পর প্রেষণ/অধ্যয়নছুটিতে একটি মাস্টার্স ডিগ্রী সম্পন্ন করেছেন এমন কর্মকর্তার মাস্টার্স এর জন্য আবেদন করার প্রয়োজন নেই;
৫.	প্রার্থীর চূড়ান্ত মনোনয়ন <b>Chulabhorn Royal Academy, Chulabhorn Graduate Institute (CGI), Thailand</b> এবং প্রচলিত সরকারি বিধি-বিধান এর উপর নির্ভরশীল। উল্লেখ্য, আবেদনকারীকে আবেদনের এক প্রস্থ আগামী ৩০/০৮/২০২২ তারিখের মধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়কে অবহিত রেখে সরাসরি অর্থনৈতি সম্পর্ক বিভাগে প্রেরণ করতে হবে।

সংযুক্তি : ব্রশিউর, আবেদন ফরম ও অন্যান্য কাগজপত্র।



১৫-৬-২০২২

ফারজানা জামান

সিনিয়র সহকারী সচিব

ফোন: ৯৫৭৪৪২৬

ইমেইল: ft@mopa.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব, সচিবের দপ্তর, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
- ২) অতিরিক্ত সচিব (সকল অধিশাখা), জনপ্রশাসন মন্ত্রণালয়
- ৩) বিভাগীয় কমিশনার (সকল)
- ৪) যুগ্মসচিব (সকল), জনপ্রশাসন মন্ত্রণালয়
- ৫) জেলা প্রশাসক (সকল)
- ৬) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ৭) সিনিয়র সিস্টেম এনালিস্ট, সিনিয়র সিস্টেম এনালিস্টের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয় (জরুরিভিত্তিতে ওয়েব সাইটে প্রদর্শনের অনুরোধসহ)।